

৩রা মার্চ, ২০০৩-এ নির্দিষ্ট দরে রেপো

২৮শে ফেব্রুয়ারী, ২০০৩

ভারতের রিজার্ভ ব্যাংক, ভারত সরকারের ৩রা মার্চ, ২০০৩ দিনাঙ্কিত সিকিউরিটি ও ট্রেজারী বিলগুলির পরিবর্তনশীল দরের রেপো নিলামের পরিবর্তে শতকরা ৫ ভাগের নির্দিষ্ট দর ঘোষণা করেছেন শুধুমাত্র একদিনের জন্য। উপযুক্ত ব্যাংক ও প্রাথমিক ডিলাররা আবেদন পত্র জমা দিতে পারেন হয় কাগজে-কলমে (আর.বি.আই.-এর ওয়েবসাইট www.rbi.org.in-এ ফরম্যাট পাওয়া যায়) অথবা নেগোশিয়েটেড ডায়ালিং সিস্টেম-এর মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে, ৩রা মার্চ, ২০০৩ সকাল ১০.৩০ মিনিটের আগে। আবেদন পত্র সম্পূর্ণভাবে অথবা আংশিকভাবে গৃহিত হতে পারে। আবেদনকারীদের অর্থপ্রদান করা হবে ৩রা মার্চ, ২০০৩-এ দুপুর ২.৩০ মিনিট অবধি এবং রিজার্ভ ব্যাংক দ্বারা পুনঃক্রয় করা হবে ৪ঠা মার্চ, ২০০৩-এ।

রিভার্স রেপো-র ক্ষেত্রে ৩রা মার্চ, ২০০৩-এ উপযুক্ত ব্যাংক ও প্রাথমিক ডিলাররা নিলামের ভিত্তিতে গতানুগতিক পদ্ধতিতে দর জমা দিতে পারেন।

৪ঠা মার্চ, ২০০৩ থেকে গতানুগতিক পরিবর্তনশীল দরে রেপো নিলাম অনুষ্ঠিত করা হবে।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-03/908